

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date: 30.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে আগামী বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন অন্যান্য বছরের শিল্প সম্মেলনকে ছাপিয়ে যাবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেছেন।

২/ ডিসেম্বর মাস থেকে আরো ৫'লক্ষ মহিলা লক্ষ্মীর ভান্ডারের টাকা পাবেন।

৩/ গণ পরিবহন ব্যবস্থার আধুনিকীকরণের লক্ষ্যে সরকারি বাস ও ভেসেলেও এখন 'যাত্রী সাথী' অ্যাপের মাধ্যমে টিকিট কাটা যাবে।

৪/ RG Kar দুর্নীতি কান্ডে CBI শিয়ালদা আদালতে ৫'জনের নামে চার্জশিট পেশ করেছে।

৫/ ৩০-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু হচ্ছে ৪ঠা ডিসেম্বর।

৬/ নানা অনুষ্ঠানের মাধ্যমে আজ বিজ্ঞানার্চ্য জগদীশ চন্দ্র বসুর ১৬৬-তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে।

৭/ ISL ফুটবলের ম্যাচে গতকাল ইস্টবেঙ্গল ১-০ গোলে নর্থইস্ট ইউনাইটেড FC-কে হারিয়ে দিয়েছে।

আজ মোহনবাগান সুপার জায়ান্ট চেন্নাইয়ান এফ সি-র মুখোমুখি হবে।

আগামী বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন অন্যান্য বছরের শিল্প সম্মেলনকে ছাপিয়ে যাবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আশা প্রকাশ করেছেন। কলকাতায় গতকাল স্থানীয় শিল্প মহলের সঙ্গে BGBS-এর প্রস্তুতি বৈঠকে তিনি একথা জানান।

মুখ্যমন্ত্রী বলেন, এবারের সম্মেলনে আরও কিছু চমক থাকছে। জাপান থেকে বড় বিনিয়োগ আসার সম্ভাবনা রয়েছে। সেখান থেকে একটি বড় প্রতিনিধি দল আগামী বাণিজ্য সম্মেলনে আসছে। জাপানের বেশ কয়েকটি বড় সংস্থাও এখানে বিনিয়োগ করতে আগ্রহী। ক্ষুদ্র, মাঝারি শিল্প, পর্যটন, চর্ম, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে নতুন বিনিয়োগের সম্ভাবনা বেশি রয়েছে বলে উল্লেখ করেন মমতা।

অন্যদিকে, রাজ্যের প্রাকৃতিক সৌন্দর্যকে কাজে লাগিয়ে সিনেমার শুটিংয়ের জন্য ভিন্ন রাজ্যের পরিচালক এবং প্রযোজকদের এ রাজ্যে নিয়ে আসার পরিকল্পনা করা হচ্ছে। তাঁদের সামনে বাংলার রূপকে তুলে ধরার জন্য একটি ডকুমেন্টারি বানানো হয়েছে। এর নির্মাতা পরিচালক গৌতম ঘোষ।

উল্লেখ্য, আগামী বছর ৫ ও ৬ ফেব্রুয়ারি নিউ টাউনে দু’দিন ব্যাপী বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের আয়োজন করা হয়েছে।

ডিসেম্বর মাস থেকে আরও পাঁচ লক্ষ মহিলা ‘লক্ষ্মীর ভান্ডার’ প্রকল্পের টাকা পাবেন। রাজ্য বিধানসভার প্রশ্নোত্তর পর্বে গতকাল নারী ও শিশু কল্যাণ মন্ত্রী শশী পাঁজা একথা জানিয়েছেন।

তিনি বলেন, ২০২৪ সালের ৩০ জুন পর্যন্ত রাজ্যে ২ কোটি ১৫ লক্ষ ৮৮ হাজার ৭৭৫ জন মহিলা, ‘লক্ষ্মী ভান্ডারে’র সুবিধা পেয়েছেন। এজন্য রাজ্য সরকারের খরচ হয়েছে ১৩ লক্ষ ৫২৩ হাজার কোটি টাকার বেশি। আগামী ডিসেম্বর মাস থেকে রাজ্যে লক্ষ্মী ভান্ডারের সুবিধা পাবেন প্রায় ৬০ বছরের মধ্যে থাকা পাঁচ লক্ষ মহিলার। শুধু তাই নয় রাজ্যে যে সব মহিলার বয়স ৬০ বছরের বেশি তারা পাবেন বার্ষিক্য ভাতা। রাজ্যে এখন বিধবা ভাতা পান ৪৩ হাজার ৯০০ জন বলেও তিনি জানান।

রাজ্যে ডেঙ্গু ও ম্যালেরিয়ার সংক্রমণ বৃদ্ধির প্রেক্ষিতে পরিস্থিতি মোকাবিলায় সরকার দুই লক্ষ টাকার বিশেষ মশারি কেনার সিদ্ধান্ত নিয়েছে। মশা মারার রাসায়নিক দেওয়া এই মশারি কিনতে খরচ হবে ৮ কোটি টাকা।

স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে, পরিস্থিতি বিচার করে পুরুলিয়ার বাঘমুন্ডি, বলরামপুরে বান্দোয়ান, আরসা, মুর্শিদাবাদের বহরমপুর, সামশেরগঞ্জ এর মত ব্লকগুলিতে এই মশারি পাঠানো হবে।

উল্লেখ্য, আলিপুরদুয়ার, বাঁকুড়া, জলপাইগুড়ি, মুর্শিদাবাদ, পুরুলিয়ার মত আটটি জেলার ৩১টি ব্লকে আক্রান্তের সংখ্যা সবথেকে বেশি।

কলকাতায় পাবলিক পরিবহন ব্যবস্থার আধুনিকীকরণের লক্ষ্যে এখন থেকে সরকারি বাস ও ভেসেল পরিষেবার ক্ষেত্রে যাত্রী সাথী অ্যাপ-এর মাধ্যমে যাত্রীরা নির্ধারিত টিকিট নিতে পারবেন। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে পরিবহনমন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী একথা জানিয়ে বলেন, যাত্রী সাথী অ্যাপ, West Bengal Transport Corporation- WBTC এর সহযোগিতায় এই ডিজিটাল বাস টিকিট বুকিং সুবিধা চালু হয়েছে।

(বাইট- স্নেহাশীষ)

মন্ত্রী আরও জানান, প্রাথমিক ভাবে এয়ারপোর্টের সঙ্গে সংযোগকারী ১২ টি সরকারি বাস রুটে এই বুকিং সিস্টেম চালু হচ্ছে। আগামীদিনে কলকাতায় WBTC র সমগ্র রুটেই এই ব্যবস্থা চালুর করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

১৫ বছরের পুরনো বাস শহর থেকে বাতিল করতে হবে গ্রিন ট্রাইব্যুনাালের এই নির্দেশের সঙ্গে রাজ্যে সরকার একমত নয় বলে পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী স্পষ্ট জানিয়ে দিয়েছেন। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন,

গ্রীন ট্রাইব্যুনাল যখন এই নির্দেশ দিয়েছিল তখন BS 2 গাড়ি রাস্তায় চলত। ওইসব গাড়ির থেকে বর্তমানে রাস্তায় যে BS 6 গাড়ি চলে সেগুলির পরিবেশ দূষণ করার ক্ষমতা অনেক কম। কোনো গাড়ির রক্ষণাবেক্ষণের কাজ ঠিক মত থাকলে সেটির রাস্তায় চলাচলের সময় সীমা ১৫ বছর বেঁধে দেওয়ার কোনো যৌক্তিকতা নেই বলে পরিবহন মন্ত্রীর দাবি। আগামী দিনে আদালতে এব্যাপারে শুনানি হলে রাজ্য সরকারের তরফে এ সম্পর্কিত যুক্তি দেওয়া হবে।

বাংলাদেশে ইস্কনের সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণ দাসের গ্রেপ্তারের আঁচ পড়েছে এরাজ্যেও। এই ঘটনার প্রতিবাদে বিভিন্ন জায়গায় চলেছে বিক্ষোভ আন্দলন।

বিজেপি আজ দক্ষিণ কলকাতার যাদবপুর ও উত্তর ২৪ পশ্চিমবঙ্গ বারাসাতে দুটি প্রতিবাদ সভা করবে।

রাজ্য জুড়ে সনাতনী ধর্মাচরণের উপর হিংসার প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল গতকাল বিধানসভায় বিক্ষোভ দেখায়। এর নেতৃত্ব ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। পরে এক সাংবাদিক বৈঠকে তিনি অভিযোগ করেন, এবিষয়ে আলোচনার জন্য মূলতবি প্রস্তাব আনা হলেও অধ্যক্ষ তা' পাঠ করতে দেননি। তিনি আরো বলেন-

(বাইট - শুভেন্দু)

বিজেপি সাংসদ কঙ্গা রাণাওয়াত'ও বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর আক্রমণের ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন। গত সন্ধ্যায় কলকাতা এসে বিমানবন্দরে তিনি সাংবাদিকদের কাছে অভিযোগ করেন, বাংলাদেশের ঘটনার প্রতিবাদে পশ্চিমবঙ্গে কোনো আন্দোলন বা সোশ্যাল মিডিয়ায় প্রতিবাদ হচ্ছে না।

(বাইট- কঙ্গা)

অন্যদিকে তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ সাংবাদিকদের বলেছেন-

(বাইট- কুণাল)

বাংলাদেশে সাম্প্রতিক ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে কংগ্রেসও। এক প্রেস বিবৃতিতে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেন, যে কোন রাষ্ট্রের দায়িত্ব সংখ্যালঘুদের নিরাপত্তা, সুরক্ষা দেওয়া। বাংলাদেশ সরকার যাতে রাজধর্ম পালন করে সেই আবেদনও জানিয়েছেন তিনি।

এদিকে, বাংলাদেশে ইসকনের সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেফতারের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে ইসকন কলকাতার সহ-সভাপতি রাধারমন দাস বলেন, তারা একটি অরাজনৈতিক সংগঠন, ইসকন মানুষের সেবা, নাম সংকীর্তন, প্রসাদ বিতরণ ইত্যাদির মধ্য দিয়েই আনন্দ অনুভব করে। তাদের যে সমস্ত ভক্ত বাংলাদেশে রয়েছেন, তারা যাতে নির্ভয়ে সেখানে ধর্ম পালন করতে পারেন ও সুরক্ষিত থাকেন সেটাই তাঁর আন্তরিকভাবে চান। বাংলাদেশে যে দলই সেখানে ক্ষমতায় আসুক না কেন, সেখানে সংখ্যালঘুরা থাকেন, সেই আর্জিও জানান তিনি।

উত্তর ২৪ পরগণার বাগদায় নরনারায়ন সেবা আশ্রমের কয়েকশ' মানুষ চিন্ময় কৃষ্ণ দাসের মুক্তির দাবীতে গতকাল পথে নামেন। দাবী পূরণ না হলে তাঁরা বৃহত্তর আন্দোলনে নামার'ও হুঁশিয়ারি দিয়েছেন।

উত্তর দিনাজপুরের রায়গঞ্জ 'জাগ্রত হিন্দু সমাজ' ও আলিপুরদুয়ারে 'সনাতন জাগরণ সমিতি'র পক্ষ থেকেও গতকাল প্রতিবাদ মিছিল বের করা হয়।

অন্যদিকে, সংখ্যালঘুদের সুরক্ষার জন্য সবরকম ব্যবস্থা নিতে ভারত, বাংলাদেশকে আহ্বান জানিয়েছে। নতুন দিল্লিতে গতকাল বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, এবিষয়ে ভারতের অবস্থান অত্যন্ত স্পষ্ট। সেদেশের অন্তর্বর্তী সরকারকেই সমস্ত সংখ্যালঘুর সুরক্ষার দায়িত্ব পালন করতে হবে।

RG Kar দুর্নীতি কাণ্ডে CBI আজ শিয়ালদা আদালতে চার্জশিট পেশ করেছে। আর জি কর হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ সহ মোট ৫ জনের নাম রয়েছে এই চার্জশিটে। বাকিরা হলো, ছাত্র নেতা আশীষ পাণ্ডে, ভেড়ার বিপ্লব সিং, সুমন

হাজরা ও সন্দীপ ঘোষের নিরাপত্তারক্ষী আফসর আলি। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা গতকাল আলিপুর আদালতে ১০০ পাতার এই চার্জশিট জমা দেন। সঙ্গে ছিল এক হাজার পাতার নথিও।

উল্লেখ্য, আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের আর্থিক দুর্নীতি মামলায় প্রথম গ্রেফতার হন সন্দীপ। টানা কয়েকদিন সিবিআই দফতরে জিজ্ঞাসাবাদের পর তাকে গ্রেফতার করা হয়। পরে মামলার সূত্র ধরেই তদন্তকারীরা বিপ্লব সিংহ, আফসর আলি ও সুমন হাজরাকে গ্রেফতার করে। তারপর ধরা হয় সন্দীপ ঘনিষ্ঠ তৃণমূল ছাত্র নেতা আশীষ পাণ্ডেকে। গত ৯-ই আগস্ট আর জি কর হাসপাতালে চারতলার সেমিনার হল থেকে উদ্ধার হয় তরুণী পিজিটি চিকিৎসকের মৃতদেহ। তাকে খুন ও ধর্ষণের ঘটনায় মূল অভিযুক্ত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায় সিবিআই হেফাজতে। শিয়ালদা আদালতে তার বিচার প্রক্রিয়া চলেছে।

ওই ঘটনায় প্রমাণ লোপাটের অভিযোগে কেন্দ্রীয় তদন্ত সংস্থা সন্দীপ ঘোষ ও টালা থানার তৎকালীন ওসি অভিজিৎ মন্ডলকেও গ্রেফতার করে।

বাঁকুড়ার ওন্দায় প্রতিবেশীকে নির্মম খুনের ঘটনায় দুই অভিযুক্তকে যাবজ্জীবন কারাবাসের নির্দেশ দিয়েছে আদালত। ২০১৮ সালের দোসরা জুলাই ওন্দা থানার চূড়ামণিপুর গ্রামে খুন হন বছর ৬৫-র রবীন্দ্রনাথ মন্ডল। বাঁকুড়া জেলা আদালতে গতকাল মুখ্য জেলা দায়রা বিচারক এই ঘটনায় দুই অভিযুক্তকে যাবজ্জীবনের সাজা ঘোষণা করেন। জেলা আদালতের সরকারি আইনজীবী অরুণ কুমার চ্যাটার্জি জানান, পুরানো শত্রুতার জেরে খুন হন রবীন্দ্রনাথ মন্ডল।

অ্যাপের মাধ্যমে IPO এবং UC স্টকে বিনিয়োগের টোপ দিয়ে ৩৩ লক্ষাধিক টাকা হাতিয়ে নেওয়ার ঘটনায় মনীশ দোহারি নামে উত্তর প্রদেশের বাসিন্দা এক প্রতারককে গ্রেপ্তার করেছে বর্ধমান থানার পুলিশ।

ধৃতকে গতকাল CJM আদালতে পেশ করা হলে সাতদিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

৩০-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু হবে ৪ঠা ডিসেম্বর। এবারই প্রথম উৎসবের উদ্বোধন হবে আলিপুরের ধনধান্য প্রেক্ষাগৃহে। সত্যজিৎ রায় স্মারক বক্তৃতা দিতে আসছেন বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্ব “আর বালকি”। অন্য বারের মতো এবারও ইন্টারন্যাশনাল কম্পিটিশন, কম্পিটিশন অন ইন্ডিয়ান ল্যান্ডস্কেপ, বেঙ্গলি প্যানোরামা, ইন্ডিয়ান শর্ট এন্ড ডকুমেন্টারি সব বিভাগেই ছবি দেখানো হবে।

একটি প্রতিবেদন- (Kiff 24)

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বিজ্ঞানাচার্য জগদীশচন্দ্র বসুর ১৬৬-তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে। পদার্থ বিজ্ঞান, বেতার, জীব বিজ্ঞানী ও কল্প বিজ্ঞান রচয়িতা ও কলকাতায় বসু বিজ্ঞান মন্দিরের প্রতিষ্ঠাতা আচার্য জগদীশ চন্দ্র বসুর জন্মদিন উপলক্ষে আজ রামকৃষ্ণ মিশন, বিবেকানন্দ সেন্টিনারি কলেজ- রহড়ায় "ইউথ এন্ড রেডিও" শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়েছে।

কলকাতার রামমোহন লাইব্রেরী এন্ড ফ্রী রিডিং রুমে লাইব্রেরীর প্রাক্তন সভাপতি বিজ্ঞান সাধক আচার্য জগদীশ চন্দ্র বসুর জন্মদিন উপলক্ষে এক আলোচনা সভারও আয়োজন করা হয়েছে।

বড়বাজারের নন্দরাম মার্কেটের কাছে পুরুষোত্তম রায় স্ট্রিটে গতকাল গভীর রাতে একটি মশলার দোকানে আগুন লাগে। দমকলের চারটি ইঞ্জিন আজ ভোর চারটে নাগাদ আগুন নিয়ন্ত্রণে আনে। আগুন নেভাতে গিয়ে এক দমকল কর্মী আহত হন। হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর অবশ্য তাঁকে ছেড়ে দেওয়া হয়েছে।

ক্ষয়ক্ষতির পরিমাণ এখনো জানা যায়নি।

যুবভারতী ক্রীড়াঙ্গনে আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল ১-০ গোলে নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি-কে হারিয়ে দিয়েছে। গোল করেছেন দিমিত্রিয়াস দিয়ামানতাকোস। এবারের আইএসএলে অষ্টম ম্যাচে ইস্টবেঙ্গলের প্রথম জয়। ৮ ম্যাচে ইস্টবেঙ্গলের পয়েন্ট চার।

অন্যদিকে নর্থ ইস্ট ইউনাইটেডের ১০ ম্যাচে পয়েন্ট ১৫।

আইএসএল ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, চেন্নাইয়িন FC-র বিরুদ্ধে খেলবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়।

মোহনবাগান ৮ ম্যাচে ১৭ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার দ্বিতীয় স্থানে আছে। সপ্তম স্থানে থাকা ৯ ম্যাচে চেন্নাই এর পয়েন্ট ১২।

মুম্বই-এ অন্য একটি ম্যাচে বিকেল পাঁচটায় মুম্বাই সিটি FC, হায়দরাবাদ FC-র মোকাবিলা করবে। মুম্বই-এর ৮ ম্যাচে পয়েন্ট ১০, সমসংখ্যক ম্যাচে হায়দরাবাদের পয়েন্ট ৭।
